

## সেবা সহজীকরণ

শিরোনাম: মৎস্যখাদ্য লাইসেন্স সেবা সহজীকরণ

### ১. ভূমিকা

বাংলাদেশে মৎস্য সেক্টরের সাথে জড়িত বিভিন্ন অংশীজনদের অবদান এ খাতকে এগিয়ে নিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। মৎস্য উৎপাদনে মৎস্যখাদ্যের ভূমিকা অন্যতম। এজন্য মৎস্যখাদ্য উৎপাদনকারী/বিপনন/বিক্রয়কারী প্রতিষ্ঠানসমূহের লাইসেন্স প্রদান/নবায়ন কার্যক্রম টি নিয়মিতভাবে এবং সহজে সম্পন্ন করার জন্য মৎস্যখাদ্য লাইসেন্স সেবা সহজীকরণ উদ্যোগটি গ্রহণ করা হয়েছে।

### ২. সমস্যার বিবরণ

মৎস্যখাদ্য লাইসেন্স গ্রহীতা নিয়মিত লাইসেন্স নবায়ন করে না। লাইসেন্স প্রদান প্রক্রিয়া ও সরকারের রাজস্ব আদায় ব্যাহত হয়। অনেক ক্ষেত্রে লাইসেন্স নবায়ন অনিয়মিত থাকার দরুন নিরাপদ মৎস্য খাদ্য ব্যবস্থাপনা ও মনিটরিং কার্যক্রম ব্যাহত হয়।

### ৩. সমাধানের বিবরণ


লাইসেন্স গ্রহীতার পূর্ণাঙ্গ ডাটাবেইজ তৈরি করা হবে। লাইসেন্সকৃত প্রতিষ্ঠানসমূহের বছর ভিত্তিক ক্যালেন্ডার থাকবে। লাইসেন্স মেয়াদোত্তীর্ণের একমাস পূর্বে অত্র দপ্তর হতে সংশ্লিষ্ট ব্যক্তির মোবাইলে এসএমএস প্রদান করে নবায়নের তারিখ জানানো হবে এবং এসএমএসে চালান কোড, প্রয়োজনীয় কাগজপত্রের বিবরণ ও ইমেইল এড্রেস থাকবে। ফলে লাইসেন্সধারী নির্ধারিত সময়ের মধ্যে অনলাইন/সরাসরি আবেদন করতে পারবে।

### ৪. প্রত্যাশিত ফলাফল বা প্রভাব


- লাইসেন্স নবায়ন প্রক্রিয়া হালনাগাদ ও দ্রুত হবে।
- লাইসেন্সধারী অফিসে না এসেও সেবা গ্রহণ করতে পারবে।
- সেবা গ্রহীতার সময়, শ্রম ও অর্থের অপচয় কম হবে।

### ৫. সেবা সহজীকরণের প্রসেস ম্যাপ

#### বিদ্যমান সেবা প্রদান পদ্ধতি




#### প্রস্তাবিত সেবা প্রদান পদ্ধতি



### ৬. টাইমলাইন (সম্ভাব্য বাস্তবায়নের সময়কাল)

সারাবছর চলমান প্রক্রিয়া।

  
মোঃ আবুল কালাম আজাদ  
জেলা মৎস্য কর্মকর্তা  
টাঙ্গাইল।